বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ঋণ আদায় বিভাগ।
Email:dgmrecovery@Krishibank.org.bd
ফোন ঃ ০২- ৯৫৬৩১৬৫

ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং- ০২/২০২১ তারিখ ঃ ১৮-০৮-২০২১ খ্রিঃ

**বিষয় ঃ ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক ঋণ আদায়, পুনঃতফসিলিকৃত ঋণ আদায়, অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তরের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসংগে।**

বাংলাদেশ কৃষি ব্যাংকের শ্রেণীকৃত ঋণ (Non Performing Loan–NPL) সর্বোচ্চ পরিমাণে আদায় ও অশ্রেণীকৃত আদায়যোগ্য ঋণ (WCL) শ্রেণীকৃত হওয়ার পূর্বেই আদায় নিশ্চিত করে নগদ তহবিল প্রবাহ বৃদ্ধিকরণ, শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাস করণ এবং মুনাফা অর্জনের লক্ষ্যে ঋণ আদায়ে বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ ও তা বাস্তবায়নের কোন বিকল্প নেই। গুণগত মানসম্পন্ন ঋণ বিতরণসহ অন্যান্য আর্থিক কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় তহবিলের অন্যতম উৎস হলো ঋণ আদায়। ঋণ আদায়ের জন্য প্রযোজ্য সব ধরণের কলাকৌশল অবলম্বনের মাধ্যমে ঋণ আদায়ে গতিশীলতা আনতে না পারলে অনাদায়ী ঋণ নন-পারফরমিং ঋণে (NPL) পরিণত হবে এবং ব্যাংকের আয় হ্রাস পাবে ও সার্বিক কর্মকান্ডের উপর নেতিবাচক প্রভাব পড়বে। ব্যাংকের শ্রেণীকৃত/খেলাপী ঋণ/পুনঃতফসিলিকৃত ঋণ সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আদায় করতে হবে।

০২। উপর্যুক্ত অবস্থায়, অত্র ব্যাংকের আর্থিক ভিত্তি সুদৃঢ়করণ, শ্রেণীকৃত ঋণ শূন্যের কোঠায় নামিয়ে আনা ও আয় বৃদ্ধির স্বার্থে ১০-০৮-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৯২ তম সভায় ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক ঋণ আদায়, পুনঃতফসিলিকৃত ঋণ আদায়, অবলোপনকৃত ঋণ আদায় ও ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তরের লক্ষ্যমাত্রা বর্ণিতভাবে নির্ধারণ করা হয়েছেঃ

(কোটি টাকায়)

| বার্ষিক ঋণ আদায় | | | | পুনঃতফসিলিকৃত ঋণ আদায় (WCL ব্যতীত) | অবলোপনকৃত ঋণ | ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর |
|---|---|---|---|---|---|---|
| শ্রেণীকৃত ঋণ (CL) | শ্রেণীযোগ্য ঋণ (WCL) | দ্বিগুণের আওতায় আদায়যোগ্য ঋণ | সর্বমোট | | | |
| ০১ | ০২ | ০৩ | ০৪(১+২+৩) | ০৫ | ০৬ | ০৭ |
| ১০০০.০০ | ৮৪১৩.০৭ | ১৪০০.০০ | ১০৮১৩.০৭ | ২২০০.০০ | ৫০.০০ | ৪৮০.০০ |

পরিচালনা পর্ষদ কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নির্ধারিত উপরোক্ত লক্ষ্যমাত্রা সমূহ ব্যাংকের সকল বিভাগীয় কার্যালয়ে এতদ্‌সংগে সংযুক্ত ''পরিশিষ্ট-১'' অনুযায়ী বন্টন করে দেয়া হলো। বিভাগীয় কার্যালয় প্রধানগণ 'পরিশিষ্ট-১' এ উল্লিখিত বার্ষিক ঋণ আদায়, অবলোপনকৃত ঋণ আদায়, ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর এবং পুনঃতফসিলিকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রাসমূহ বিভাগাধীন অঞ্চলসমূহের ৩০-০৬-২০২১ খ্রিঃ তারিখের ঋণ স্থিতির উপর ভিত্তি করে আগামী ২২-০৮-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে অঞ্চলওয়ারী বন্টন করে উক্ত পত্রের অনুলিপি ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন। অনুরূপভাবে আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয়সমূহ অঞ্চলাধীন শাখাসমূহের মধ্যে বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রাসমূহ ২৪-০৮-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে পুন:বন্টন করবেন।

**০৩। লক্ষ্যমাত্রাসমূহ ঃ**

**(ক) বার্ষিক ঋণ আদায়ঃ**

(১) শ্রেণীকৃত ঋণ ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের অনাদায়ী শ্রেণীকৃত ঋণ (নন-পারফরমিং লোন-NPL) ব্যাংকের জন্য উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। শ্রেণীকৃত ঋণ স্থিতির হার সর্বনিম্ন পর্যায়ে নামিয়ে আনতে না পারলে ব্যাংকের ঋণ ঝুঁকি ও প্রভিশনের মাত্রা ক্রমান্বয়ে বৃদ্ধি পাবে, যা ব্যাংকের আর্থিক ভিত্তি সুদৃঢ়করণ এবং মুনাফা অর্জনের ক্ষেত্রে অন্তরায় হয়ে দাঁড়াবে। এ বিষয়টি বিবেচনায় নিয়ে পরিচালনা পর্ষদ কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে শ্রেণীকৃত ঋণ স্থিতির ৪১.৫৮% হিসেবে ১০০০.০০ কোটি টাকা আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। অঞ্চল প্রধানগণ শাখার শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণকালে মোট বিএল (BL) স্থিতির ৪২.০৩% এবং এসএস ও ডিএফ (SS & DF) স্থিতির ৩৫% হারে আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করবেন। শাখা ব্যবস্থাপকগণ অনুরূপ ভাবে প্রত্যেক মাঠকর্মীকে শ্রেণীকৃত ঋণ আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করে মাসিক ভিত্তিতে অর্জনের বিষয়টি নিবিড়ভাবে তদারকি করবেন এবং মাঠকর্মীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। শাখা, আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক ও বিভাগীয় কার্যালয় পর্যায়ে শ্রেণীকৃত ঋণ আদায় কার্যক্রম অধিকতর জোরদারকরণের মাধ্যমে ২০২১-২০২২ অর্থ বছরে মন্দ/ক্ষতি (BL) ও এসএস এবং ডিএফ (SS & DF) হিসেবে চিহ্নিত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

চলমান পাতা-০২

(২) <u>শ্রেণীযোগ্য ঋণ (WCL-1 ও WCL- 2) আদায়</u>ঃ ঋণ আদায় বিভাগের গত ১৫-০৭-২০২১ খ্রিঃ তারিখের পত্র নং প্রকা/আদায়/১(৫৯)/২০২১-২০২২/২৭(১২৫০) এর নির্দেশাবলী অনুসরন করে মাঠ কার্যালয়সমূহ কর্তৃক প্রস্তুতকৃত প্রতিবেদন (নিরীক্ষিত) সংকলিত করে ২০২১-২০২২ অর্থবছরের শ্রেণীযোগ্য ঋণের তালিকা প্রস্তুত করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে নতুনভাবে শ্রেণীকৃত হওয়া রোধকল্পে শ্রেণীযোগ্য ঋণ হিসাবে চিহ্নিত সকল স্বল্প মেয়াদী ঋণ এবং যে সকল মেয়াদী ঋণের কিস্তি আদায় না হলে সম্পূর্ণ ঋণটি শ্রেণীকৃত হবে, সে সব ক্ষেত্রে ঋণের আদায়যোগ্য কিস্তির ১০০% নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই আদায় নিশ্চিত করতে হবে। শ্রেণীযোগ্য ঋণ-১ (WCL-1) এবং শ্রেণীযোগ্য ঋণ-২ (WCL-2) যথাক্রমে ৩১-১২-২০২১ খ্রিঃ ও ৩০-০৬-২০২২ খ্রিঃ তারিখে যাতে কোনক্রমেই নতুনভাবে শ্রেণীকৃত ঋণে পরিণত হতে না পারে তা নিশ্চিত করে সকল শাখাকে NCL Free হিসাবে ঘোষণা করতে হবে।

(৩) <u>দ্বিগুণের আওতায় আদায়যোগ্য স্বল্পমেয়াদী কৃষি ঋণ (পুনঃতফসিলকৃত) আদায়</u>ঃ
খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি দারিদ্র বিমোচন, ক্ষুধা মুক্তি ও সুস্বাস্থ্য অর্জনের জন্য কৃষি খাতকে সর্বোচ্চ প্রাধান্য দিয়ে এবং বাংলাদেশ ব্যাংক প্রণীত কৃষি ও পল্লী ঋণ নীতিমালা অনুসরন করে বাংলাদেশ কৃষি ব্যাংক কৃষি খাতে স্বল্প মেয়াদী কৃষি ঋণ বিতরণ করে থাকে। ৩০/০৬/২০২১ খ্রিঃ তারিখ ভিত্তিক এ খাতের ঋণ স্থিতি ১৬৬৫৪.০৫ কোটি টাকা। কৃষি খাতকে ধারাবাহিকভাবে অগ্রসরমান করতে কৃষি ঋণে আসলের বেশি সুদারোপ না করার নির্দেশনা থাকায় উক্ত স্থিতির অধিকাংশ ঋণ হিসাবে (পুনঃতফসিলকৃত) সুদারোপ সম্ভব নয়, যা ব্যাংকের মুনাফা অর্জন ও আর্থিক ভিত্তি সুদৃঢকরণে অন্যতম প্রধান অন্তরায়। এ বিষয়টি বিবেচনায় নিয়ে পরিচালনা পর্ষদ কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে দ্বিগুণের আওতায় আদায়যোগ্য স্বল্পমেয়াদী কৃষি ঋণ স্থিতির ১০০% হিসেবে ১৪০০.০০ কোটি টাকা আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। শাখা, আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক ও বিভাগীয় কার্যালয় পর্যায়ে উক্ত ঋণ আদায় কার্যক্রম অধিকতর জোরদারকরণের মাধ্যমে ২০২১-২০২২ অর্থ বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। **<u>উল্লেখ্য যে, লক্ষ্যমাত্রা নির্ধারণকালে অঞ্চল প্রধানগণ শাখায় আসলের সমপরিমাণ সুদ আরোপকৃত স্বল্প মেয়াদী কৃষি ঋণসমূহের (পুনঃতফসিলকৃত) সমন্বিত স্থিতিই লক্ষ্যমাত্রা হিসেবে নির্ধারণ করবেন।</u>**

**<u>(খ) অবলোপনকৃত ঋণ আদায় ঃ</u>** ব্যাংকের প্রচলিত নীতিমালা অনুযায়ী অবলোপনকৃত ঋণ আদায় হলে তা সরাসরি আয় খাতে অন্তর্ভুক্ত হয়। সুতরাং, অবলোপনকৃত ঋণ অধিক পরিমাণে আদায় করে ব্যাংকের আয় বৃদ্ধি নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে ৩০-০৬-২০২১ খ্রিঃ তারিখ ভিত্তিক অনাদায়ী অবলোপনকৃত ঋণ স্থিতির ২৫.০৯% হিসেবে ৫০.০০ কোটি টাকা ২০২১-২০২২ অর্থ বছরে আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। অঞ্চল প্রধানগণ শাখাসমূহের অবলোপনকৃত ঋণ স্থিতির উপর ভিত্তি করে আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করবেন এবং তা অর্জনের লক্ষ্যে অঞ্চল পর্যায়ে Debt Collection Unit এর নিয়মিত মাসিক সভায় পর্যালোচনা করে শাখাসমূহের অর্জিত ফলাফলের আলোকে পরবর্তী করণীয় সম্পর্কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন ও শাখা কর্তৃক গৃহীত কার্যক্রম নিবিড়ভাবে তদারকি করবেন। অনুরূপভাবে স্থানীয় মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহ ২০২১-২০২২ অর্থ বছরের অবলোপনকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করবেন।

**<u>(গ) ৫২ -স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর ঃ</u>** শ্রেণীকৃত ঋণ ও পুনঃতফসিলিকৃত ঋণের স্থগিত সুদবাহী ঋণ হিসাবসমূহ হতে নগদ আদায় ব্যাংকের আয়ের অন্যতম উৎস। এ লক্ষ্যে পর্ষদ কর্তৃক ৩০-০৬-২০২১ খ্রিঃ তারিখ ভিত্তিক অনাদায়ী ৫২-স্থগিত সুদ স্থিতির ৩৭.০২% হিসেবে ৪৮০.০০ কোটি টাকা ২০২১-২০২২ অর্থ বছরে আয় খাতে স্থানান্তরের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। স্থগিত সুদবাহী শ্রেণীকৃত ঋণ ও পুনঃতফসিলিকৃত ঋণ আদায়ের উপর সর্বোচ্চ গুরুত্ব দিয়ে স্থানীয় মুখ্য কার্যালয়সমূহ কর্পোরেট ও অন্যান্য শাখাসমূহকে ২০২১-২০২২ অর্থ বছরের আয় খাতে স্থানান্তরের লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করতে হবে।

**<u>(ঘ) পুনঃ তফসিলকৃত ঋণ আদায় ঃ</u>** ঋণ পুনঃতফসিলিকরণ এবং ঋণ শ্রেণীবিন্যাস নীতিমালা অনুযায়ী পুনঃতফসিলিকৃত ঋণসমূহের অধিকাংশ ঋণ বর্তমানে UC হলেও এই ঋণগুলি দীর্ঘ দিনের পুরাতন বিধায় মূলত শ্রেণীকৃত ঋণের পর্যায়ভূক্ত। একারণে ৩০-০৬-২০২১ খ্রিঃ তারিখ ভিত্তিক অনাদায়ী পুনঃতফসিলিকৃত ঋণসমূহের মধ্যে যে সকল পুনঃতফসিলিকৃত ঋণ WCL-1 ও WCL-2 তালিকায় অন্তর্ভূক্ত হয়নি এবং যে সকল স্বল্প মেয়াদী কৃষি ঋণে আসলের সমপরিমাণ সুদারোপ হয়নি সে সকল ঋণের স্থিতি হতে ২২০০.০০ কোটি টাকা ২০২১-২০২২ অর্থ বছরে আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রার ১০০% অর্জনসহ এরূপ ঋণ হিসাবের অনাদায়ী ৫২-স্থগিত সুদ সম্পূর্ণ আদায় নিশ্চিত করা জন্য সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**<u>(ঙ) বিআরপিডি-০৫ তাঃ ১৬-০৫-২০১৯ এর আওতায় পুনঃতফসিলকৃত ঋণ আদায় ঃ</u>** বিআরপিডি-০৫ তাঃ ১৬-০৫-২০১৯ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণগ্রহীতাগণের শাখা পর্যায়ে তালিকা প্রণয়ন করে তা ব্যবস্থাপকের নিকট সংরক্ষণ করে পুনঃতফসিলকৃত ঋণসমূহের নিয়মিত কিস্তি আদায় এবং এক্সিট পলিসির আওতায় মওকুফকৃত ঋণসমূহ নির্ধারিত সময়ের মধ্যে আদায় নিশ্চিত করার জন্য সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করতে হবে।

চলমান পাতা-০৩

০৪। **ঋণ আদায় কার্যক্রম ঃ** ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নির্ধারিত বার্ষিক ঋণ আদায়, অবলোপনকৃত ঋণ আদায়, ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর এবং পুনঃতফসিলিকৃত ঋণ আদায় লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করার লক্ষ্যে স্থানীয় মুখ্য কার্যালয়সহ সকল বিভাগীয় কার্যালয়, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, কর্পোরেট শাখা ও অন্যান্য শাখাসমূহকে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ ও তা সফলভাবে বাস্তবায়ন করতে হবেঃ

(ক) ঋণগ্রহীতাগণের তালিকা প্রস্তুতকরণঃ ঋণ আদায় বিভাগের গত ১২-০৭-২০২১ খ্রিঃ তারিখের পত্র নং প্রকা/আদায়/৮(৫৯)/২০২১-২০২২/১৫(১২০০) এর সকল নির্দেশনা পরিপালন করে শাখার অনাদায়ী ঋণের শ্রেণীভিত্তিক ইউনিয়ন/ গ্রামওয়ারী তালিকা প্রস্তুত করতে হবে। উক্ত তালিকায় ঋণগ্রহীতাগণের জাতীয় পরিচয় পত্র নম্বর, মোবাইল/টেলিফোন নম্বর অবশ্যই লিপিবদ্ধ করতে হবে, যাতে তাদের সাথে ব্যক্তিগত যোগাযোগ ও ঋণ পরিশোধে তাগিদ প্রদান অধিকতর সহজ হয়;

(খ) শাখা ব্যবস্থাপকগণ শাখার সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা শাখায় কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে বন্টনপূর্বক সাপ্তাহিক ভিত্তিতে অর্জনের অগ্রগতি নিবিড়ভাবে তদারকিসহ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান নিশ্চিত করবেন;

(গ) নোটিশ জারীকরণঃ ডিউ ডেট রেজিস্টার হালনাগাদ করে প্রযোজ্য ক্ষেত্রে ডিমান্ড ও লিগ্যাল নোটিশ জারী করতে হবে। প্রয়োজনে বিশেষ নোটিশ জারীর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঘ) ব্যক্তিগত যোগাযোগঃ ঋণ আদায় কার্যক্রম ফলপ্রসু করার লক্ষ্যে ঋণগ্রহীতাগণের সাথে নিয়মিতভাবে ব্যক্তিগত যোগাযোগ ও ঋণ পরিশোধের তাগিদ প্রদান/উদ্বুদ্ধকরণের কোন বিকল্প নেই। যে সমস্ত এলাকায় অধিক খেলাপী ঋণ গ্রহীতা রয়েছে যে সকল এলাকাকে অগ্রাধিকার দিয়ে মাসিক ভ্রমণসূচি প্রণয়নপূর্বক ব্যাপকভাবে মাঠে ভ্রমণ করে ঋণগ্রহীতাগণের সাথে ব্যক্তিগত যোগাযোগ ও তাগিদের মাধ্যমে বার্ষিক ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। মাঠকর্মীদের কার্যক্রম শাখা ব্যবস্থাপক কর্তৃক নিবিড়ভাবে তদারকিসহ অর্জিত ফলাফলের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঙ) দ্বি-পাক্ষিক আলোচনা সভার আয়োজনঃ শীর্ষ খেলাপী ঋণগ্রহীতাদের নিকট হতে বকেয়া পাওনা আদায়ের লক্ষ্যে শাখা/অঞ্চল ও বিভাগীয় কার্যালয় পর্যায়ে দ্বি পাক্ষিক সভার আয়োজন করতে হবে।

(চ) ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ ঃ ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনের গতিকে ত্বরান্বিত করার জন্য ঋণ আদায়ের স্বাভাবিক কার্যক্রম ছাড়াও বিশেষ ঋণ আদায় কর্মসূচি গ্রহণপূর্বক ঋণ আদায় মহাক্যাম্প/গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে।

(ছ) শীর্ষ ১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে ঋণ আদায় কার্যক্রম ঃ বিভাগ/অঞ্চল/শাখা পর্যায়ে শীর্ষ ১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের তালিকা পৃথকভাবে প্রস্তুতপূর্বক, তালিকাভুক্ত শীর্ষ ১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে খেলাপী ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে এবং শ্রেণীকৃত ঋণ আদায় উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি করতে হবে। মাঠ পর্যায়ের নিয়ন্ত্রণকারী কার্যালয় কর্তৃক কর্পোরেট শাখা/অন্যান্য শাখাসমূহের এতদ্‌সংক্রান্ত কার্যাবলী নিয়মিতভাবে তদারকি ও পরিধারণ কার্যক্রম গ্রহণ করতে হবে।

(জ) অবলোপনকৃত ঋণ আদায় ঃ অবলোপনকৃত ঋণগ্রহীতাদের সাথে ব্যক্তিগত যোগাযোগ স্থাপনসহ দ্বিপাক্ষিক আলোচনা সভার আয়োজন করে অবলোপনকৃত আটকে পড়া পাওনা আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে আশানুরূপ ফলাফল না পাওয়া গেলে দায়েরকৃত মোকদ্দমাসমূহের পরিচালনা কার্যক্রম জোরদার করে পাওনা আদায় নিশ্চিত করতে হবে;

(ঝ) আয় বৃদ্ধি করার লক্ষ্যে ৫২ -স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর ঃ স্থগিত সুদবাহী ঋণ হিসাব সমূহ শ্রেণীকৃত ঋণেরই একটা অংশ এবং ব্যাংকের আয়ের অন্যতম উৎস। স্থগিত সুদবাহী শ্রেণীকৃত ঋণ হিসাবের বিপরীতে সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে ৫,০০০/- টাকা পর্যন্ত স্থিতি সম্পন্ন ফলিও এর স্থগিত সুদের ১০০% এবং অন্যান্য ফলিও থেকে ন্যূনতম ৫,০০০/-টাকা আদায় নিশ্চিত করে আয় বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। স্থানীয় মুখ্য কার্যালয়, কর্পোরেট শাখা এবং শাখাসমূহকে ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তরের বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে ঋণ আদায় কার্যক্রম পরিচালনা ও বার্ষিক আদায় লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে;

(ঞ) পুনঃতফসিলিকৃত ঋণ আদায়ঃ আয় বৃদ্ধির লক্ষ্যে পুনঃতফশিলিকৃত ঋণের অনাদায়ি ৫২-স্থগিত সুদ স্থিতি আদায় নিশ্চিতকরণের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা একান্ত আবশ্যক। সুতরাং, শ্রেণীকৃত ঋণ আদায়ের মত গুরুত্বারোপ করে পুনঃতফসিলিকৃত ঋণ আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। পুনঃতফশিলিকৃত ঋণগুলো যাতে পুনরায় শ্রেণীকৃত ঋণে পরিণত না হয়, সে লক্ষ্যে আদায়সূচি অনুযায়ী সকল আদায়যোগ্য পাওনা/দেয় কিস্তিসমূহ নির্ধারিত সময়ের মধ্যেই আদায় নিশ্চিত করতে হবে;

চলমান পাতা-০৪

(ট) তামাদি রোধ/তামাদি ঋণ আদায়/নিয়মিতকরণঃ ৩০-০৬-২০২১ খ্রিঃ তারিখ ভিত্তিক অনিষ্পন্ন তামাদি ঋণ হিসাবসমূহের জন্য একটি আলাদা রেজিস্টার প্রস্তুত ও সংরক্ষণ করতে হবে। প্রতি মাসের তৃতীয় সপ্তাহে তামাদি ঋণ আদায়/নিয়মিতকরণের বিশেষ কর্মসুচি গ্রহণ ও তা বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরবর্তী ৬(ছয়) মাসের মধ্যে তামাদি হতে পারে এমন ঋণ হিসাবসমূহ চিহ্নিত করে রেজিস্টার প্রস্তুতপূর্বক তামাদি রোধের কার্যকর ব্যবস্থা নিতে হবে। খেলাপী ঋণ সম্পূর্ণ আদায়ে ব্যর্থ হলে তামাদি রোধ এবং তামাদি ঋণ নিয়মিতকরণ পরবর্তী অর্থ ঋণ আদালত/সার্টিফিকেট আদালতে মোকদ্দমা দায়ের করতে হবে;

(ঠ) ভুয়া ঋণ আদায়ঃ ৩০-০৬-২০২১ খ্রিঃ তারিখ ভিত্তিক অনাদায়ী ভুয়া ঋণ হিসাবসমূহ আদায়ের নিমিত্তে সংশ্লিষ্ট ভুয়া ঋণের জামিনদার/ নিশ্চয়তা প্রদানকারী/সনাক্তকারীদের বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। পাশাপাশি তাঁদের উপর সামাজিকভাবে চাপ সৃষ্টি করে ভুয়া ঋণ আদায় নিশ্চিত করতে হবে। এছাড়াও, ঋণ হিসাব ভুয়া হওয়ার জন্য দায়ী কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে শৃঙ্খলাজনিত বিভাগীয় মোকদ্দমা রুজু করতে হবে;

(ড) অর্থঋণ আদালত এবং সার্টিফিকেট আদালতে মামলা দায়ের এবং নিষ্পত্তিকরণ ঃ স্থানীয় প্রশাসনের সাথে নিবিড় যোগাযোগের মাধ্যমে দায়েরকৃত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে শাখা কর্তৃক কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঋণ আদায়ের সকল কলাকৌশল অবলম্বন করা সত্বেও ঋণ আদায় সম্ভব না হলে এবং ঋণ তামাদিতে বারিত হওয়ার সম্ভাবনা থাকলে সেক্ষেত্রে অতি সত্বর অর্থঋণ এবং সার্টিফিকেট আদালতে মামলা দায়েরের উদ্যোগ গ্রহণ করতে হবে। শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যে অর্থ ঋণ আদালতে দায়েরকৃত মোকদ্দমা, মানিস্যুট ও সার্টিফিকেট মামলাসমূহ অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। অনিষ্পন্ন মোকদ্দমাসমূহের বছর ভিত্তিক তালিকা প্রস্তুত ও রেজিস্টার সংরক্ষণ করতে হবে। আদালতের বাইরে মামলা সংশ্লিষ্ট খাতকের সাথে নিবিড়ভাবে যোগাযোগ প্রতিষ্ঠা করে অনিষ্পন্ন মামলাসমূহ দ্রততম সময়ের মধ্যে নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও শাখা কর্তৃক কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে;

(ঢ) জামানতি সম্পত্তি নিলামে বিক্রয় কার্যক্রমঃ ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতাদের নিকট হতে বকেয়া পাওনা আদায় নিশ্চিত করার লক্ষ্যে আদালতে মামলা দায়েরের পূর্বে ঋণের জামানতি সম্পত্তি ব্যাংকের উদ্যোগে নিলামে বিক্রয়ের কার্যকর ব্যবস্থা নিতে হবে। এছাড়াও, অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ৩৩(৫) ধারামূলে ভোগদখল ও বিক্রির অনুমোদন প্রাপ্ত জামানতি সম্পত্তি উন্মুক্ত নিলামে বিক্রয়ের মাধ্যমে ঋণ হিসাবের পাওনা আদায় এবং ৩৩(৭) ধারা মতে ব্যাংকের বরাবরে ঋণের জামানতির সম্পত্তির মালিকানা স্বত্ত্ব হস্তান্তর পরবর্তী ১৩৬ খাতে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

(ণ) তদারকি-কার্যক্রম ঃ বিভাগীয় মহাব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ তাদের নিয়ন্ত্রণাধীন শাখাসমূহের শ্রেণীকৃত ঋণ, শ্রেণীযোগ্য ঋণ আদায়, দ্বিগুণের আওতায় আদায়যোগ্য স্বল্পমেয়াদী কৃষি ঋণ, অবলোপনকৃত ঋণ আদায়, ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর এবং পুনঃতফসিলিকৃত ঋণ আদায় লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে গৃহীত কার্যক্রম নিবিড়ভাবে তদারকি করে ২০২১-২০২২ অর্থ বছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করবেন। প্রযোজ্য ক্ষেত্রে ঋণ অবলোপন, সুদ মওকুফ, ঋণ পুনঃতফসিলিকরণের মাধ্যমে শ্রেণীকৃত ঋণ হ্রাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**০৫। শ্রেণীকৃত ঋণ, শ্রেণীযোগ্য ঋণ, দ্বিগুণের আওতায় আদায়যোগ্য স্বল্পমেয়াদী কৃষি ঋণ, এনসিএল, অবলোপনকৃত ঋণ আদায়, ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর এবং পুনঃতফসিলিকৃত ঋণ আদায় লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন সংক্রান্ত বর্ণিত তথ্যাদি সাপ্তাহিক প্রতিবেদনে রিপোর্টিং করতে হবেঃ**

(ক) বার্ষিক ঋণ আদায় লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি উর্ধতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের সুবিধার্থে সংযুক্ত ছক 'পরিশিষ্ট-২' অনুযায়ী সাপ্তাহিক প্রতিবেদন প্রেরন করতে হবে;

(খ) শ্রেণীকৃত ঋণ (এসএস, ডিএফ ও বিএল) হতে নগদ আদায়ের পরিমাণ সাপ্তাহিক প্রতিবেদনে অর্জন হিসেবে দেখাতে হবে। এক্ষেত্রে সুদ মওকুফ, অবলোপন বা অন্য কোন কারণে সমন্বয়কৃত অংশ সমন্বয় কলামে দেখাতে হবে;

(গ) কোন মেয়াদী শ্রেণীকৃত ঋণের পাওনা কিস্তির সম্পূর্ণ টাকা আদায় হলে এবং সংশ্লিষ্ট ঋণটি অশ্রেণীকৃত ঋণে পরিণত হলে সেক্ষেত্রে আদায়কৃত টাকা নগদ আদায়ের কলামে এবং অবশিষ্ট সমন্বয়কৃত স্থিতি সমন্বয় হিসাবে দেখাতে হবে। স্পষ্টতঃ উল্লেখ্য যে, মেয়াদী ঋণের কিস্তি আদায়ের মাধ্যমে ঋণ হিসাব সমন্বয় ব্যতীত ঋণ পুনঃতফসিলিকরণের মাধ্যমে ঋণ হিসাব অশ্রেণীকৃত ঋণে পরিণত হলেও তা আদায় লক্ষ্যমাত্রা অর্জন হিসাবে সমন্বয়ের কলামে দেখানো যাবে না;

(ঘ) শ্রেণীযোগ্য ঋণ-১ ও শ্রেণীযোগ্য ঋণ-২ এর ক্ষেত্রে নগদে আদায়কৃত টাকা সাপ্তাহিক প্রতিবেদনের নগদ অর্জনের কলামে দেখাতে হবে। মেয়াদী ঋণের আদায়যোগ্য কিস্তি নগদে আদায়ের মাধ্যমে সংশ্লিষ্ট ঋণ হিসাব পরবর্তী ৩১ ডিসেম্বর/৩০ জুন সূত্র তারিখে শ্রেণীকৃত ঋণে পরিণত হওয়া রোধ করা হলে অবশিষ্ট অনাদায়ী স্থিতি সমন্বয় হিসেবে সাপ্তাহিক প্রতিবেদনে দেখাতে হবে;

চলমান পাতা-০৫

(ঙ) ৩১ ডিসেম্বর সূত্র তারিখে নতুনভাবে শ্রেণীকৃত হওয়া ঋণ (NCL) যেহেতু শ্রেণীযোগ্য ঋণ-১ এর অনাদায়ী স্থিতি, সেহেতু উক্ত NCL হতে আদায়কৃত টাকা শ্রেণীযোগ্য ঋণ-১/শ্রেণীযোগ্য ঋণ-২ এর অনুরূপ নগদ আদায় ও সমন্বয় হিসেবে দেখাতে হবে;

(চ) পুনঃতফসিলিকৃত ঋণের ৩১-১২-২০২০ খ্রিঃ এবং ৩০-০৬-২০২১ খ্রিঃ তারিখ ভিত্তিক স্থিতির যে অংশ শ্রেণীযোগ্য ঋণ-১ এবং শ্রেণীযোগ্য ঋণ-২ হিসেবে চিহ্নিত করা হয়েছে উক্ত ঋণের টাকা আদায় হলে তা সাপ্তাহিক প্রতিবেদনের ছক-খ এ দেখাতে হবে;

(ছ) অবলোপনকৃত ঋণ হতে নগদ আদায়কৃত টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন হিসেবে দেখাতে হবে। এক্ষেত্রে সুদ মওকুফ বা অন্য কোন কারণে সমন্বয়কৃত অংশ লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন হিসেবে দেখানো যাবে না, তা সমন্বয় হিসাবে দেখাতে হবে;

(জ) স্থগিত সুদবাহী শ্রেণীকৃত ঋণ আদায় পরবর্তী যে পরিমাণ ৫২-স্থগিত সুদ ৪৬/১ আয় খাতে স্থানান্তর করা হবে কেবলমাত্র সে পরিমাণই ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন হিসেবে দেখাতে হবে। এক্ষেত্রে সুদ মওকুফ বা অন্য কোন কারণে সমন্বয়কৃত অংশ লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন হিসেবে দেখানো যাবে না, তা সমন্বয় হিসাবে দেখাতে হবে।

(ঞ) দ্বিগুণের আওতায় স্বল্প মেয়াদী কৃষি ঋণ আদায় হলে তা শুধুমাত্র " ছক-খ " এর ৩৮,৩৯,৪০,৪১ ও ৪২ নং কলামে দেখাতে হবে। উল্লেখ্য যে, দ্বিগুণের আওতায় আদায়কৃত ঋণ হিসাবের ৩০/০৬/২০২১ খ্রিঃ তারিখ ভিত্তিক শ্রেণীমান অশ্রেণীকৃত, শ্রেণীযোগ্য-১ ও ২ (পুনঃতফসিল) বা **শ্রেণীকৃত যাই হোক না কেন তা শুধুমাত্র উল্লেখিত কলামসমূহেই দেখাতে হবে।**

০৭। ২০২১-২০২২ অর্থ বছরের শুরু হতেই ঋণ আদায়ের কার্যকর কর্মপরিকল্পনা গ্রহণ ও যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে বার্ষিক ঋণ আদায়, পুনঃতফসিলিকৃত ঋণ আদায়, অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তরের লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করার লক্ষ্যে সর্বাত্মক উদ্যোগ গ্রহণে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

১৮/০৮/২১

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
ঋণ আদায় মহাবিভাগ (অতিঃ দায়িত্বে)

প্রকা/আদায়-১(৫৯)/২০২১-২০২২/১০৫(১২০০) ই-মেইলযোগে তারিখ ঃ ১৮-০৮-২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৩। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি(সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।
০৫। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)।
০৯। নথি/ মহানথি।

১৮/০৮/২১ ইং

( মোহাম্মদ আজিজুর রহমান ফকির )
উপ-মহাব্যবস্থাপক

পরিশিষ্ট-১

# ঋণ আদায় বিভাগ।

বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক ঋণ আদায়, পুনঃতফসিলকৃত ঋণ, অবলোপনকৃত ঋণ এবং ৫২-স্থগিত সুদ আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

(কোটি টাকায়)

| ক্রম নং | বিভাগের নাম | ২০২১-২০২২ অর্থবছরের ঋণ আদায় লক্ষ্যমাত্রা | | | | | | | | | | | পুনঃতফসিলিকৃত ঋণ (WCL ব্যতীত) আদায় লক্ষ্যমাত্রা | অবলোপনকৃত ঋণ আদায় লক্ষ্যমাত্রা | ৫২ স্থগিত সুদ আয় লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | শ্রেণীকৃত ঋণ আদায় লক্ষ্যমাত্রা | | | শ্রেণীযোগ্য ঋণ আদায় লক্ষ্যমাত্রা | | | | | | দ্বিগুণের আওতায় আদায়যোগ্য স্বল্প মেয়াদী কৃষি ঋণ | সর্বমোট ঋণ আদায় লক্ষ্যমাত্রা | | | |
| | | | | | শ্রেণীযোগ্য-১ | | | শ্রেণীযোগ্য-২ | | | | | | | |
| | | এস এস ও ডিএফ | বিএল | মোট | নিয়মিত | পুনঃতফসিলকৃত | মোট | নিয়মিত | পুনঃতফসিলকৃত | মোট | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ০১ | ঢাকা | ১৮.৭৪ | ৩৪৪.৬৬ | ৩৬৩.৪০ | ৪২৯.৪৫ | ২১৫.৩৯ | ৬৪৪.৮৪ | ৫১১.৩৩ | ১৫২.৭০ | ৬৬৪.০৩ | ২৩৪.৯৫ | ১৯০৭.২২ | ৩৮৬.০৫ | ২১.৮১ | ৯৭.৩৪ |
| ০২ | ময়মনসিংহ | ৫.১৮ | ১৫২.১৪ | ১৫৭.৩২ | ২৫৯.৮৭ | ৩২.২৯ | ২৯২.১৬ | ৪৭৭.৩০ | ৪০৬.৮০ | ৮৮৪.১০ | ৩৩৪.০৭ | ১৬৬৭.৬৫ | ৬৫২.১৯ | ২.৭১ | ৬৯.৭৯ |
| ০৩ | চট্টগ্রাম | ০.৮৫ | ১৬১.৬৯ | ১৬২.৫৪ | ১২২.২৩ | ২২৫.১৩ | ৩৪৭.৩৬ | ৩৬১.০৬ | ৭০.৫৩ | ৪৩১.৫৯ | ৩৮.১৮ | ৯৭৯.৬৭ | ৭৪.৫৪ | ৭.০৭ | ৩৯.৫৬ |
| ০৪ | কুমিল্লা | ১০.১৯ | ৭৪.৭২ | ৮৪.৯১ | ১৮৮.২৭ | ৪৯.৪৫ | ২৩৭.৭২ | ৩৯৫.৯৯ | ৯৯.২৯ | ৪৯৫.২৮ | ১৯৫.৯০ | ১০১৩.৮১ | ২৯৩.৮৩ | ৩.৩৮ | ৬২.৫০ |
| ০৫ | সিলেট | ২.৭৮ | ২৫.৮৬ | ২৮.৬৪ | ৬৮.৫৪ | ২২.৯২ | ৯১.৪৬ | ২৬৩.৭৫ | ১৪৩.০২ | ৪০৬.৭৭ | ৭৬.২৫ | ৬০৩.১২ | ১৪৩.৩৮ | ২.১৩ | ২৯.৩৩ |
| ০৬ | খুলনা | ৪.৬১ | ৫৯.৯২ | ৬৪.৫২ | ২৫৯.১৭ | ৪৪.৩৬ | ৩০৩.৫৩ | ৪৯৪.৮০ | ৮৪.৭৬ | ৫৭৯.৫৬ | ১২২.৭০ | ১০৭০.৩১ | ৭০.০৭ | ৮.০৪ | ২৮.৬০ |
| ০৭ | কুষ্টিয়া | ১.১১ | ৪৩.৬০ | ৪৪.৭০ | ২০৯.৫৮ | ২৫.৫৮ | ২৩৫.১৬ | ৩০৯.৬৮ | ৩৯.৪৭ | ৩৪৯.১৫ | ৫৫.২০ | ৬৮৪.২১ | ১১৭.৫৮ | ০.৭৩ | ২২.৯৩ |
| ০৮ | বরিশাল | ৭.৫০ | ৩৭.৫৮ | ৪৫.০৭ | ১২৯.১১ | ৯৮.০০ | ২২৭.১১ | ২৪১.৪৫ | ৭৬.৯৬ | ৩১৮.৪১ | ২৪৫.৬০ | ৮৩৬.১৯ | ২৫৩.২১ | ১.৯৭ | ৩১.৬৭ |
| ০৯ | ফরিদপুর | ১.৯৭ | ২১.৩২ | ২৩.৩০ | ১৬০.০৪ | ৬০.৪২ | ২২০.৪৬ | ২৪৯.৫৯ | ৯০.৬১ | ৩৪০.২০ | ৯৭.১৫ | ৬৮১.১১ | ২০৯.১৪ | ১.০৫ | ২০.৩২ |
| ১০ | এলপিও | ১.১৪ | ২৪.৪৫ | ২৫.৬০ | ২৩৮.২২ | ৪১২.১৮ | ৬৫০.৪০ | ৪৫৪.৪৭ | ২৩৯.৩১ | ৬৯৩.৭৮ | ০.০০ | ১৩৬৯.৭৮ | ০.০০ | ১.১০ | ৭৭.৯৬ |
| | মোটঃ | ৫৪.০৭ | ৯৪৫.৯৪ | ১০০০.০০ | ২০৬৪.৪৮ | ১১৮৫.৭২ | ৩২৫০.২০ | ৩৭৫৯.৪২ | ১৪০৩.৪৫ | ৫১৬২.৮৭ | ১৪০০.০০ | ১০৮১৩.০৭ | ২২০০.০০ | ৫০.০০ | ৪৮০.০০ |

(মোঃ মাহমুদুল হাসান ভূইয়া)
মুখ্য কর্মকর্তা

(আবু জাফর মোহাম্মদ মহিউদ্দিন)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক
.......................শাখা/কার্যালয়,.............শাখা/অঞ্চল।

ফোন ঃ
ই-মেইলঃ...........@krishibank.org.bd

**পরিশিষ্ট-২ (ছক-ক)**

**২০২১-২০২২ অর্থ বছরের ............ তারিখে সমাপ্ত ........... সপ্তাহের MIS প্রতিবেদন।**
**(০১-০৭-২০২১ হতে কার্যকর)**

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিবরণ | | মোট অর্জন | | | চলতি সপ্তাহে অর্জন | গতবছরের এই সময়ে অর্জন |
|---|---|---|---|---|---|---|---|
| | | | নগদ | সমন্বয় | মোট | | |
| ০১। | **ঋণ বিতরণ** | ঃ | | | | | |
| ০২। | ঋণ আদায় (শ্রেণীভিত্তিক) | ঃ | | | | | |
| | **(ক) শ্রেণীকৃত ঋণ হতে আদায়** | ঃ | | | | | |
| | **(১) এসএস + ডিএফ হতে আদায়** | ঃ | | | | | |
| | **(২) বিএল হতে আদায়** | | | | | | |
| | মোট | ঃ | | | | | |
| | **(খ) শ্রেণীযোগ্য ঋণ-১ হতে আদায়** | ঃ | | | | | |
| | **(গ) শ্রেণীযোগ্য ঋণ-২ হতে আদায়** | ঃ | | | | | |
| | **(ঘ) এনসিএল হতে আদায়** | ঃ | | | | | |
| | **(ঙ) দ্বিগুণের আওতায় আদায়যোগ্য ঋণ হতে আদায়** | ঃ | | | | | |
| | বার্ষিক ঋণ আদায় লক্ষ্যমাত্রার বিপরীতে মোট আদায় ঃ ২(ক+খ+গ+ঘ+ ঙ) | ঃ | | | | | |
| ০৩। | অশ্রেণীকৃত ঋণ আদায় | ঃ | | | | | |
| | **১। অশ্রেণীকৃত ঋণ (ষ্ট্যান্ডার্ড)** | ঃ | | | | | |
| | **২। অশ্রেণীকৃত ঋণ (এসএমএ)** | ঃ | | | | | |
| | মোট অশ্রেণীকৃত ঋণ আদায় | ঃ | | | | | |
| ০৪। | **পুনঃতফসিলিকৃত ঋণ আদায়** | ঃ | | | | | |
| | (ক) শ্রেণীযোগ্য ঋণ-১ | ঃ | | | | | |
| | (খ) শ্রেণীযোগ্য ঋণ-২ | ঃ | | | | | |
| | (গ) দ্বিগুণের আওতায় আদায়যোগ্য ঋণ | ঃ | | | | | |
| | (ঘ) অশ্রেণীকৃত ঋণ | ঃ | | | | | |
| | মোট (ক+খ+গ+ঘ) | ঃ | | | | | |
| ০৫। | **ঋণ পুনঃতফসিলিকরণ** | ঃ | - | | | | |
| ০৬। | অবলোপনকৃত ঋণ আদায়(৪৬/১ খাতে ভউচারকৃত) | ঃ | - | | - | - | |
| ০৭। | ৫২-স্থগিত সুদ আয় খাতে (৪৬/১) স্থানান্তর | ঃ | | | | | |
| ০৮। | আমানত সংগ্রহ | ঃ | | | | | |
| (ক) | বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে আমানত সংগ্রহ | ঃ | | | | | |
| (খ) | ৩০ শে জুন তারিখ ভিত্তিক আমানত স্থিতি | ঃ | | | | | |
| (গ) | বর্তমান সপ্তাহান্তে আমানত স্থিতি | ঃ | | | | | |
| ০৯। | অনাদায়ী ঋণ স্থিতি | ঃ | | | | | |
| ১০। | শ্রেণীকৃত ঋণ স্থিতি | ঃ | | | | | |
| ১১। | পুনঃতফসিলিকৃত ঋণ স্থিতি | ঃ | | | | | |
| | (ক) শ্রেণীযোগ্য ঋণ-১ | ঃ | | | | | |
| | (খ) শ্রেণীযোগ্য ঋণ-২ | ঃ | | | | | |
| | (গ) দ্বিগুণের আওতায় আদায়যোগ্য ঋণ | ঃ | | | | | |
| | (ঘ) অশ্রেণীকৃত ঋণ | ঃ | | | | | |
| | মোট (ক+খ+গ+ঘ) | ঃ | | | | | |
| ১২। | অবলোপনকৃত ঋণের স্থিতি | ঃ | | | | | |
| ১৩। | ৫২-স্থগিত সুদ স্থিতি | ঃ | | | | | |

| ১৪ | **সুদ মওকুফ সংক্রান্ত তথ্যাবলি** | | সংখ্যা | পরিমাণ |
|---|---|---|---|---|
| (ক) | **শাখা ব্যবস্থপক কতৃক মওকুফকৃত সুদের** | | | |
| (খ) | **মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় কতৃক মওকুফকৃত সুদের** | | | |
| (গ) | **বিভাগীয় কার্যালয় কতৃক মওকুফকৃত সুদের** | | | |
| (ঘ) | **বিভাগীয় কার্যালয় কতৃক প্রধান কার্যালয়ে সুদ মওকুফ প্রস্তাব প্রেরণ** | | | |
| | **মোট(ক+ খ+গ+ঘ)** | | | |

পরিশিষ্ট-২(ছক-খ)

বাংলাদেশ কৃষি ব্যাংক

................ শাখা/ কার্যালয়,...................অঞ্চল।

২০২১- ২০২২ অর্থ বছরে ............... তারিখে সমাপ্ত .......... সপ্তাহের সাপ্তাহিক (MIS) প্রতিবেদন। (০১-০৭-২০২১ হতে কার্যকর)

ছক- খ ঃ বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে ঋণ আদায় ঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | শাখা/কার্যালয়ের নাম | নিম্নমান (SS) ও সন্দেহজনক (DF) ঋণ আদায় | | | | | মন্দ/ক্ষতি (BL) ঋণ আদায় | | | | | সর্বমোট শ্রেণীকৃত ঋণ আদায় | | | | | শ্রেণীযোগ্য ঋণ-১ আদায় | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | | | | লক্ষ্যমাত্রা | অর্জন | | | | লক্ষ্যমাত্রা | অর্জন | | | | লক্ষ্যমাত্রা | নিয়মিত অর্জন | | | | লক্ষ্যমাত্রা | পুণঃতফসিলকৃত ঋণ হতে অর্জন | | | |
| | | | নগদ | সমন্বয় | মোট | হার | | নগদ | সমন্বয় | মোট | হার | | নগদ | সমন্বয় | মোট | হার | | নগদ | সমন্বয় | মোট | হার | | নগদ | সমন্বয় | মোট | হার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

| ক্রঃ নং | শাখা/ কার্যালয়ের নাম | শ্রেণীযোগ্য ঋণ-২ আদায় | | | | | | | | | | দ্বিগুণের আওতায় আদায়যোগ্য ঋণ হতে আদায় | | | | | নতুন শ্রেণীকৃত ঋণ আদায় | | | | | পুণঃতফসিলকৃত ঋণ হতে অর্জন (শ্রেণীযোগ-১ ও ২ হতে আদায় ব্যতীত অন্যান্য) | | | | | বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে সর্বমোট আদায় (Status Based) | | | | | বিগত বছরের একই সময়ের অর্জন | বিগত বছরের তুলনায় অর্জন কম/বেশী | অশ্রেণীকৃত ঋণ আদায় | সর্বমোট ঋণ আদায় ( খাত ভিত্তিক ও অশ্রেণীকৃতসহ) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | নিয়মিত অর্জন | | | | লক্ষ্যমাত্রা | পুণঃতফসিলকৃত ঋণ হতে অর্জন | | | | লক্ষ্যমাত্রা | অর্জন | | | | ১ জানুয়ারী তারিখের স্থিতি | অর্জন | | | | লক্ষ্যমাত্রা | অর্জন | | | | লক্ষ্যমাত্রা | অর্জন | | | | | | | | | |
| | | | নগদ | সমন্বয় | মোট | হার | | নগদ | সমন্বয় | মোট | হার | | নগদ | সমন্বয় | মোট | হার | | নগদ | সমন্বয় | মোট | হার | | নগদ | সমন্বয় | মোট | হার | | নগদ | সমন্বয় | মোট | হার | | | | নগদ | সমন্বয় | মোট |
| | | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ | ৩৩ | ৩৪ | ৩৫ | ৩৬ | ৩৭ | ৩৮ | ৩৯ | ৪০ | ৪১ | ৪২ | ৪৩ | ৪৪ | ৪৫ | ৪৬ | ৪৭ | ৪৮ | ৪৯ | ৫০ | ৫১ | ৫২ | ৫৩ | ৫৪ | ৫৫ | ৫৬ | ৫৭ | ৫৮ | ৫৯ | ৬০ | ৬১ | ৬২ | ৬৩ |
| ১. | এলপিও | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

| ক্রঃ নং | শাখা/ কার্যালয়ের নাম | খাত ভিত্তিক ঋণ আদায় | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে | | | | | | | | | | | | | বার্ষিক লক্ষ্যমাত্রা বহির্ভূত অশ্রেণীকৃত ঋণ আদায় | | | | | | | | | | | | |
| | | শস্য | মৎস্য | পশুপালন | কৃযন্ত্রপাঃ | সেচযন্ত্রপাঃ | শস্য গুদাম | দাঃবিমোঃ | অন্যান্য | মোট কৃষি ঋণ | এসএমই | শিল্প/ প্রকল্প | বৈদেশিক বানিজ্য | সর্বমোট | শস্য | মৎস্য | পশুপালন | কৃযন্ত্রপাঃ | সেচযন্ত্রপাঃ | শস্য গুদাম | দাঃ বিমোঃ | অন্যান্য | মোট কৃষি ঋণ | এস এমই | শিল্প/ প্রকল্প | বৈদেশিক বানিজ্য | সর্বমোট |
| | | ৬৪ | ৬৫ | ৬৬ | ৬৭ | ৬৮ | ৬৯ | ৭০ | ৭১ | ৭২ | ৭৩ | ৭৪ | ৭৫ | ৭৬ | ৭৭ | ৭৮ | ৭৯ | ৮০ | ৮১ | ৮২ | ৮৩ | ৮৪ | ৮৫ | ৮৬ | ৮৭ | ৮৮ | ৮৯ |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

| ক্রঃ নং | শাখা/ কার্যালয়ের নাম | মোট ঋণ আদায় (খাত ভিত্তিক) | | | | | | | | | | | | | ছক- গঃ পুনঃতফসিলিকৃত ঋণ আদায় ও অনাদায়ী স্থিতি | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | শস্য | মৎস্য | পশুপালন | কৃযন্ত্রপাঃ | সেচযন্ত্রপাঃ | শস্য গুদাম | দাঃবিমোঃ | অন্যান্য | মোট কৃষি ঋণ | এসএমই | শিল্প/প্রকল্প | বৈদেশিক বানিজ্য | সর্বমোট | ১ জুলাই তারিখের অনাদায়ী স্থিতি | | | | ঋণ পুনঃতফসিলিকরণ | সুদ ধার্য | মোট | চলতি অর্থবছরে আদায় | | | |
| | | | | | | | | | | | | | | | শ্রেণীকৃত | শ্রেণীযোগ্য | ইউসি | মোট | | | | সিএল | শ্রেণীযোগ্য | ইউসি | মোট |
| | | ৯০ | ৯১ | ৯২ | ৯৩ | ৯৪ | ৯৫ | ৯৬ | ৯৭ | ৯৮ | ৯৯ | ১০০ | ১০১ | ১০২ | ১০৩ | ১০৪ | ১০৫ | ১০৬ | ১০৭ | ১০৮ | ১০৯ | ১১০ | ১১১ | ১১২ | ১১৩ |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

| ক্রঃ নং | শাখা/কার্যালয়ের নাম | ছক- গঃ প্রতিবেদনাধীন তারিখে অনাদায়ি পুনঃতফসিলিকৃত ঋণ | | | | ছক- ঘ ঃ ঋণ অবলোপন এবং অবলোপনকৃত ঋণ আদায় /সমন্বয় | | | | | | | | | ছক- ঙ ঃ ৫২-স্থগিত সুদ আদায়/সমন্বয় | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ১ জুলাই তারিখে অবলোপনকৃত ঋণ স্থিতি | চলতি অর্থবছরে ঋণ অবলোপন | মোট | চলতি অর্থবছরে অবলোপনকৃত ঋণ আদায় /সমন্বয় | | | | | প্রতিবেদনাধীন তারিখে অনাদায়ী স্থিতি | ১ জুলাই তারিখের অনাদায়ী স্থিতি | চলতি অর্থবছরে ৫২- খাতে স্থানান্তর | মোট | চলতি অর্থবছরে ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর/সমন্বয় | | | | | প্রতিবেদনাধীন তারিখে অনাদায়ী স্থিতি |
| | | শ্রেণীকৃত | শ্রেণীযোগ্য | ইউসি | মোট | | | | লক্ষ্যমাত্রা | নগদ আদায় | আদায়ের হার | সমন্বয় | মোট | | | | | লক্ষ্যমাত্রা | আয় খাতে স্থানান্তর | হার | সমন্বয় | মোট | |
| | | ১১৪ | ১১৫ | ১১৬ | ১১৭ | ১১৮ | ১১৯ | ১২০ | ১২১ | ১২২ | ১২৩ | ১২৪ | ১২৫ | ১২৬ | ১২৭ | ১২৮ | ১২৯ | ১৩০ | ১৩১ | ১৩২ | ১৩৩ | ১৩৪ | ১৩৫ |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

ছক- চ ঃ শ্রেণীকৃত ঋণ স্থিতি হ্রাস

| ক্রঃ নং | শাখা/কার্যালয়ের নাম | ১ জুলাই তারিখের অনাদায়ী স্থিতি | জুলাই-ডিসেম্বর সময়কালে হিসাবভুক্ত | | | | সর্ব মোট | চলতি অর্থ বছরে জুলাই হতে ডিসেম্বর পর্যন্ত শ্রেণীকৃত ঋণ হ্রাস | | | | | | প্রতিবেদনাধীন তারিখে শ্রেণীকৃত ঋণ স্থিতি | জানুয়ারী-জুন সময়কালে হিসাবভুক্ত | | | | সর্বমোট | চলতি অর্থ বছরের জানুয়ারী হতে জুন পর্যন্ত শ্রেণীকৃত ঋণ হ্রাস | | | | | | প্রতিবেদনাধীন তারিখে শ্রেণীকৃত ঋণ স্থিতি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মামলা ও অন্যান্য | সুদ আরোপ | এনসিএল | মোট | | শ্রেণীকৃত ঋণ নগদ আদায় | অব লোপন | সুদ মওকুফ | কিস্তি আদায়ের মাধ্যমে সমন্বয় | পুনঃতফ সিলিকরণ | মোট | | মামলা ও অন্যান্য খরচ | সুদ আরোপ | এনসিএল | মোট | | শ্রেণীকৃত ঋণ নগদ আদায় | অব লোপন | সুদ মওকুফ | কিস্তি আদায়ের মাধ্যমে সমন্বয় | ঋণ পুনঃতফ সিলিকরণ | মোট | |
| | | ১৩৬ | ১৩৭ | ১৩৮ | ১৩৯ | ১৪০ | ১৪১ | ১৪২ | ১৪৩ | ১৪৪ | ১৪৫ | ১৪৬ | ১৪৭ | ১৪৮ | ১৪৯ | ১৫০ | ১৫১ | ১৫২ | ১৫৩ | ১৫৪ | ১৫৫ | ১৫৬ | ১৫৭ | ১৫৮ | ১৫৯ | ১৬০ |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

ছক- ছ ঃ সর্বমোট অনাদায়ী ঋণ স্থিতি

(ক) শ্রেণীভিত্তিক (Status Based) অনাদায়ী ঋণ স্থিতি

| ক্রঃ নং | শাখা/ কার্যালয়ের নাম | ১ জুলাই তারিখের অনাদায়ি স্থিতি | চলতি বছরে ঋণ হিসাবে অন্তর্ভুক্ত | | | | সর্বমোট | চলতি বছরে ঋণ হিসাবে বিয়োজন | | | | সর্বশেষ অনাদায়ি ঋণ স্থিতি | অশ্রেণীকৃত ঋণ | | | | শ্রেণীকৃত ঋণ স্থিতি | | | | হার |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ঋণ বিতরণ | মামলা ও অন্যান্য | সুদ ধার্য | মোট | | নগদ আদায় | অব লোপন | মওকুফ | মোট | | শ্রেণীযোগ্য ঋণ-১ | শ্রেণীযোগ্য ঋণ-২ | অবশিষ্ট ইউসি | মোট | এসএস | ডিএফ | বিএল | মোট | |
| | | ১৬১ | ১৬২ | ১৬৩ | ১৬৪ | ১৬৫ | ১৬৬ | ১৬৭ | ১৬৮ | ১৬৯ | ১৭০ | ১৭১ | ১৭২ | ১৭৩ | ১৭৪ | ১৭৫ | ১৭৬ | ১৭৭ | ১৭৮ | ১৭৯ | ১৮০ |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |

ছক- ছ ঃ (খ)ঋণের খাত ভিত্তিক অনাদায়ী ঋণ স্থিতি

| ক্রঃ নং | শাখা/ কার্যালয়ের নাম | কৃষি ঋণ | | | | | | | | | এস এম ই | কৃষিভিত্তিক শিল্প/ প্রকল্প | বৈদেশিক বানিজ্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | শস্য | মৎস্য | পশু পালন | কৃষি যন্ত্রপাতি | সেচ যন্ত্রপাতি | শস্য গুদাম | দারিদ্র বিমোচন | অন্যান্য | মোট | | | | |
| | | ১৮১ | ১৮২ | ১৮৩ | ১৮৪ | ১৮৫ | ১৮৬ | ১৮৭ | ১৮৮ | ১৮৯ | ১৯০ | ১৯১ | ১৯২ | ১৯৩ |
| | | | | | | | | | | | | | | |